

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-৫৫

তারিখঃ ২৮ চৈত্র, ১৪২৮
১২ এপ্রিল, ২০২২

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট নিষ্পত্তির নিমিত্ত
ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ১৫টি অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহ্বানের জন্য দপ্তর/সংস্থা হতে টিএমইডি-তে অনুরোধ পত্র পাওয়া গেছে।

০২. এক্ষণে টিএমইডি'র আওতাধীন নিম্নোক্ত দপ্তর/সংস্থার অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট নিষ্পত্তির লক্ষ্যে আগামী ২১.০৪.২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় যুগ্মসচিব (অডিট ও আইন) -এঁর সভাপতিত্বে এ বিভাগের পরিবহন পুল ভবনস্থ সভা কক্ষে (১০ম তলা; লিফটের-৯) এক ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে লক্ষ্যে গত ০৫ এপ্রিল, ২০২২ তারিখে ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-৫২-নং স্মারকে পত্র জারি করে মহোদয়ের (আপনার) দপ্তরে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

ক্রমিক নং	অডিট আপত্তিভুক্ত প্রতিষ্ঠানের নাম	অর্থবৎসর	আপত্তির ধরন	আপত্তির সংখ্যা	মন্তব্য
০১.	সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট	২০১৮-২০১৯	অগ্রীম	০৩টি	
০২.	কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট, কক্সবাজার।	২০০৭-২০১৬	ঐ	০৪টি	
০৩.	হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, হবিগঞ্জ	২০০৫-২০১৪	ঐ	০২টি	
০৪.	বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স, ঢাকা	২০১০-২০১২	ঐ	০০	০২টা আপত্তি ছিল সেটি এখন অর্থাৎ ২১.০৪.২২ তারিখের সভায় উত্থাপিত করা হবে না। সে প্রেক্ষিতে মোট ১৫টি আপত্তিরস্থলে ১৩টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে তা নিয়ে আলোচনা করা হবে।
০৫.	মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মানিকগঞ্জ	২০০৭-২০১২	ঐ	০২টি	
০৬.	রংপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, রংপুর	২০১০-২০১২	ঐ	০২টি	
			মোট =	১৩টি	


০৩. উল্লেখ্য যে, আগামী ২১.০৪.২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার বেলা ১০:০০ টায় সভা আহ্বানের লক্ষ্যে টিএমইডি হতে গত ০৫.০৪.২০২২ খ্রি. তারিখে ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-৫২-নং স্মারকে ০৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৫টি অডিট আপত্তি নিয়ে পত্র জারি করা হয়। তন্মধ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স, ঢাকা এর ০২টি অডিট আপত্তি ইতোপূর্বে PA Committee (Public Accounts Committee) উঠার প্রেক্ষিতে আগামী ২১.০৪.২০২২ খ্রি. তারিখের ত্রি-পক্ষীয় সভায় উত্থাপিত হবে না।

০৪. উক্ত সভায় এ বিভাগের অধীনস্থ কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপরিউক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভুক্ত মোট ১৩ (তের)টি অগ্রীম নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাবসমূহ (প্রমাণকসহ) আলোচনা করা হবে এবং ত্রি-পক্ষীয় সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে সভার কার্যপত্র এতদসঙ্গে সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)।

৫.

চলমান পাতা-০২

০৪. এমতাবস্থায়, উপরিস্ত অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তিগুলি নিষ্পত্তির লক্ষ্যে সভার কার্যপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো এবং সভায় নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে (২১.০৪.২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার বেলা ১০:০০ টা, পরিবহন পুল ভবনস্থ সভাকক্ষে) উপযুক্ত প্রতিনিধি (সিদ্ধান্ত গ্রহণে সুবিধার্থে উপপরিচালক পর্যায়ের কর্মকর্তার নীচে নয়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(মোঃ নুরুল ইসলাম শেখ)

সহকারী সচিব

☎: ২২৩৩৫৪৮৯৯

Email: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. কম্প্রোটালার এন্ড অডিটর জেনারেল এর একান্ত সচিব, কম্প্রোটালার এন্ড অডিটর জেনারেল অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. যুগ্মসচিব (অডিট ও আইন) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭. উপসচিব (অডিট ও আইন) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮. অফিস কপি।